গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বাগেরহাট
আইসিটি শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আজিজুর রহমান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা: ১২:৩০ |
| স্থান | জেলা প্রশাসক কার্যালয়ের কনফারেন্স রুম |
| উপস্থিতি | ... |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **১. ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত:** সরকারি দপ্তরসমূহের সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথি সিষ্টেমের মাধ্যমে সম্পন্ন করা হলে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর মত যে কোন মহামারী পরিস্থিতিতে সকল দাপ্তরিক কার্যক্রম চলমান রাখা সম্ভব হবে। ইতোমধ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি দপ্তরসমূহেকে একাধিকবার ই-নথি বিষয়ক ট্রেনিং প্রদান করা হয়েছে। যে সকল অফিস লাইভ সার্ভারে আছে সে সকল অফিসের দাপ্তরিক কার্যাক্রম ১০০% ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদনসহ প্রতিটি ডাক নোটে নিষ্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১.১ জেলাধীন সকল দপ্তরের দাপ্তরিক কার্যাক্রম ১০০% ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদন করতে হবে। | ১. সকল বিভাগীয় প্রধানগণ, বাগেরহাট।<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>৩. সহকারী কমিশনার, (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।<br>৪. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট। |

**২. ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্তঃ** তথ্য অধিকার আইন অনুযায়ী সকল দপ্তরকে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ ও প্রচার করতে হবে। ওয়েবপোর্টাল হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। সঠিক ও চলমান তথ্য প্রাপ্তির লক্ষ্যে প্রতিটি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখা প্রয়োজন। সভায় মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বাগেরহাট জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদের সার্বিক তথ্য উপস্থাপন করেন।

| জেলা/উপজেলা কার্যালয়ের নাম | নিজ দপ্তরের মোট অফিসের সংখ্যা | শতভাগ হালনাগাদ কৃত অফিসের সংখ্যা | নিজ দপ্তর হালনাগাদ করনের শতকরা হার (ফেব্রুয়ারি’ ২২) | সামষ্টিক হালনাগাদের শতকরা হার |
|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয় | ৬৭ | ৬০ | ১০০% | ৯৯.৬৮% |
| চিতলমারী | ৩২ | ১০ | ১০০% | ৯১.৯৮ % |
| শরণখোলা | ৪১ | ৬ | ১০০% | ৮২.৩৬% |
| ফকিরহাট | ৩১ | ১০ | ১০০% | ৯৪.৫৮ % |
| বাগেরহাট সদর | ৩৮ | ১০ | ১০০% | ৯০.৭৭ % |
| মোল্লাহাট | ৩৬ | ১০ | ১০০% | ৯০.২২ % |
| রামপাল | ৩০ | ৮ | ১০০% | ৯৫.৭৯ % |
| মোরেলগঞ্জ | ৩২ | ৮ | ১০০% | ৯১.৪২% |
| কচুয়া | ৩৩ | ৬ | ১০০% | ৮৭.৪৮ % |
| মোংলা | ৩৩ | ১৯ | ৯৯.৭০% | ৯২.৭৬% |

(www.bagerhat.gov.bd হতে প্রাপ্ত)

উপর্যুক্ত পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায়, অনেক দপ্তরের ওয়েব পোর্টালের হালনাগাদ অবস্থা সন্তোষজনক নয়। যদিও ইতোমধ্যে জেলাধীন সকল দপ্তরকে তাদের স্ব-স্ব ওয়েব পোর্টাল হালনাগাদকরনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক ও সভার সভাপতি মহোদয় সংশ্লিষ্ট দপ্তরকে দ্রুত সময়ের মধ্যে স্ব-স্ব ওয়েব পোর্টালের সার্বিক তথ্য হালনাগাদ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-কে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন

২.১ সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ শতভাগ নিশ্চিত করতে হবে।
২.২ যে সকল সংস্থা/দপ্তরের আওতায় পর্যটন কেন্দ্র রয়েছে সে সকল সংস্থা/দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণে বাংলার পাশাপাশি ইংরেজি করতে হবে।

১. সকল বিভাগীয় প্রধানগণ, বাগেরহাট।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) বাগেরহাট।
৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট।
৪. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট।

| | | |
|---|---|---|
| **৩. শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও স্কুল অফ ফিউচার** : অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি সভায় অবহিত করেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন শীর্ষক প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বাগেরহাট জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে ৬৭ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ৪টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার স্থাপনের চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে। নতুন কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে চুক্তির কার্যক্রম চলমান আছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের আইসিটি দক্ষতা বৃদ্ধি পাবে। | ৩.১ শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা ২০১২ মোতাবেক কম্পিউটার ল্যাব সমূহ ব্যবহারের অধিক যত্নবান ও ল্যাবের নিরাপত্তা নিশ্চিত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।<br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট।<br>৩. সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট।<br>৪. সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, বাগেরহাট। |
| **৪. ইউনিয়ন ডিজিটাল সেন্টার:** সরকার কর্তৃক ঘোষিত মুজিব বর্ষের বিভিন্ন কার্যক্রম এর অডিও ও ভিডিও চিত্র ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারসমূহের মাধ্যমে নিয়মিত প্রচার করতে হবে। জানুয়ারি, ২০২২ মাসে মাত্র ৩৮ জন উদ্যোক্তা একসেবা সিস্টেমে তথ্য আপলোড করেছেন যাহা সন্তোষজনক নয়। সভাপতি মহোদয় সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামারকে সংশ্লিষ্ট ইউডিসি পরিদর্শন, মনিটরিং ও উদ্যোক্তাগণ যাতে নিয়মিত একসেবা সিস্টেমে তথ্য আপলোড করে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদাণ করেন। | ৪.১ উপজেলা সহকারী প্রোগ্রামারগণ প্রতি সপ্তাহে ইউডিসি পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবেন।<br>৪.২ সরকার কর্তৃক ঘোষিত মুজিব বর্ষের বিভিন্ন কার্যক্রম এর অডিও, ভিডিও ও ছবি ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারসমূহের মাধ্যমে নিয়মিত প্রচার করতে হবে।<br>৪.৩ একসেবা সিস্টেমে ইউডিসি ও পিডিসি এর সকল উদ্যোক্তাদের নিয়মিত তথ্য আপলোড করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বাগেরহাট।<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।৩.সহকারী প্রোগ্রামার (সকল), বাগেরহাট ও ইউডিসি উদ্যোক্তা (সকল), বাগেরহাট। |
| **৫. দাপ্তরিক ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ** করোনা ভাইরাসের (কোভিড-১৯) মহামারী পরিস্থিতিতে দাপ্তরিক চিঠিপত্র ই-নথি/ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করা হয়। সভাপতি মহোদয় দাপ্তরিক প্রয়োজনে ব্যাক্তিগত ই-মেইল ব্যবহারের পরিবর্তে দাপ্তরিক ই-মেইল ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সকল দপ্তর প্রধান, বাগেরহাট-কে নিজ নিজ দাপ্তরিক ই-মেইল প্রতিদিন নিয়মিত পর্যবেক্ষণ ও সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ৫.১ দাপ্তরিক ই-মেইল নীতিমালা অনুযায়ী সকল দপ্তরকে তাদের নিজ নিজ দাপ্তরিক ই-মেইল প্রতিদিন নিয়মিত চেক করতে হবে। | ১. সকল দপ্তর প্রধান, বাগেরহাট। |
| **৬.ইনোভেশনঃ** মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে স্ব-স্ব উপজেলায় প্রতিমাসে ইনোভেটিভ টিমের সভা আয়োজন এবং বর্ণিত সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার জন্য অনুরোধ করেন। | ৬.১ প্রতিমাসে নিয়মিতভাবে উপজেলা ইনোভেটিভ টিমের সভা আয়োজন এবং বর্ণিত সভায় বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>২. সহকারী কমিশনার, আইসিটি শাখা, বাগেরহাট। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আজিজুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.০১০০.০৩০.০৬.০০১.২১.২৩ তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮

২৮ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৪) উপপরিচালক (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

৫) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, বাগেরহাট

৬) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

৭) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

৮) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট

৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।

১০) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট

১১) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাগেরহাট

১২) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট

১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট

১৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বাগেরহাট

১৫) সহকারী প্রোগ্রামার, বাগেরহাট

১৬) প্রধান শিক্ষক, বাগেরহাট

মোহাম্মদ আজিজুর রহমান

জেলা প্রশাসক